গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা

নং: ১৫.৫৭.০০০০.০০১.১১.০০১.১৪ ২৬৭০

তারিখ: ১৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০১৭ খ্রিষ্টাব্দ

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি (আংশিক)

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নিম্নোক্ত পদসমূহে সরাসরি পন্থায় নামের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | বয়স | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১. | উৎপাদন ব্যবস্থাপক (১১০০০-২৬৫৯০/-) | সর্বোচ্চ ৩০ বছর, সরকারি কর্মচারীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ০১ (এক)টি | (ইংরেজি)<br>(i) Bachelor's Degree from a recognised university;<br>(ii) At least 3 years' practical experience in production of films; and<br>(iii) Preference will be given to candidates having knowledge of maintenance of camera equipment and raw film.<br>(বাংলা)<br>[(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানের ডিগ্রিধারী হতে হবে।<br>(খ) চলচ্চিত্র নির্মাণে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) ক্যামেরা যন্ত্রপাতি এবং কাঁচা ফিল্ম ব্যবহারে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।] | গাজীপুর, মানিকগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, শেরপুর, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, লক্ষীপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী, চুয়াডাঙ্গা, ভোলা, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণকে অগ্রাধিকারভিত্তিতে নিয়োগ দেয়া হবে। তবে পদসমূহ টেকনিক্যাল হওয়ায় (Personnel Manual-4.024 I এবং স্মারক নং ED/R-I/R-56/75/52, ৮ এপ্রিল ১৯৭৬) অনুসারে যদি সংশ্লিষ্ট জেলার প্রাপ্য কোটায় পরিমাণ সংখ্যক যোগ্য প্রার্থী না পাওয়া যায়, তবে দেশের যে কোন জেলা হতে যোগ্য প্রার্থীকে নিয়োগ দেয়া হবে। |
| ০২. | স্টোর কিপার (টেকনিক্যাল) (১০২০০-২৪৬৮০) | সর্বোচ্চ ৩০ বছর, সরকারি কর্মচারীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক /সমমানের ডিগ্রিধারী হতে হবে।<br>(খ) টেকনিক্যাল ফিল্ম স্টোর রক্ষণাবেক্ষণে ২(দুই) বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |

**শর্তাবলি:**

০১। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ১০ অক্টোবর ২০১৬ তারিখের ১৫.৫৭.০০০০.০০১.১১.০০১.১৪/৪৪৮৮ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি (আংশিক) প্রকাশ করা হলো।

০২। পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী উক্ত দুটি পদে যাদের আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ে গৃহীত হয়েছে, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই তবে যাদের আবেদনপত্র বাতিল হয়েছে, তারা পুনরায় আবেদন করতে পারবেন।

০৩। সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০ এর বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে পৌঁছাতে হবে।

চলমান পাতা-০২

০৪। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) জাতীয়তা, জ) ধর্ম, ঝ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, প্রাপ্ত বিভাগ ও বোর্ড উল্লেখসহ), ঞ) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), ট) বিশেষ কোটায় আবেদনকারীকে কোটার ধরন স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ৭ মে ২০১৭ খ্রিষ্টাব্দ/২৪ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী এবং শারীরিক প্রতিবন্ধীদের (প্রযোজ্য ক্ষেত্রে) বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্র/প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে:-

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে নাগরিকত্ব ও স্থায়ী বাসিন্দা সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) প্রার্থীর সাম্প্রতিক সময়ের পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার চারিত্রিক সনদপত্র।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

০৭। প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫x৪.৫ ইঞ্চি পৃথক একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদা/নানা মুক্তিযোদ্ধা সম্পর্কিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা হিসেবে গ্রহণযোগ্য হবে না।

০৯। আবেদনকারীকে ১০০/- (একশত) টাকা মূল্যমানের ট্রেজারী চালান ১-৩৩৩৩-০০০১-২০৩১ নং কোড নম্বরে মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০। জেলা কোটা, মুক্তিযোদ্ধা, মহিলা, আনসার ও ভিডিপি, সরকারি/বেসরকারি এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী এবং উপজাতীয় ইত্যাদি কোটা সরকারি নিয়ম অনুসরণ করে নিয়োগ করা হবে।

১১। সরকারি/বেসরকারি/এতিমখানার নিবাসী প্রার্থীকে সংশ্লিষ্ট এতিমখানা কর্তৃক প্রদত্ত এবং উক্ত জেলার সমাজ সেবা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেট দাখিল করতে হবে।

১২। খামের উপরের ডান পাশে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটার নাম সুস্পষ্ট করে উল্লেখ করতে হবে।

১৩। আবেদনপত্র ডাকযোগে আগামী ৭ মে ২০১৭ খ্রিষ্টাব্দ/২৪ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ রোজ রবিবার অফিস সময়ের মধ্যে মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকরিতে প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে তবে এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৫। প্রার্থীকে ইন্টারভিউ/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রাকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

১৭। আবেদনপত্রর সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সকল কাগজপত্রসমূহ সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তার স্বাক্ষরের নিচে নামসহ সীল থাকতে হবে ।

১৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। নিয়োগ বিজ্ঞপ্তিটি এ অধিদপ্তরের www.dfp.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২/৪/১৭

(হাছিনা আক্তার)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ/নির্বাচন কমিটি
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।

C:\Users\DD (Admin)\Desktop\New folder\Advt\Admin.docx